



বিআইডব্লিউটিসি

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশন
নৌপরিবহন মন্ত্রণালয়

২৪ কাজী নজরুল ইসলাম এভিনিউ, বাংলামটর, ঢাকা-১০০০

Website: www.biwtc.gov.bd

স্মারক নং-১৮.১২.০২৭.০৩.০৩.২২৫.২০২৩-৪৭৭

তারিখ: ০২/০৪/২০২৪ খ্রি.

বিষয়: কারণ দর্শানো নোটিশ।

যেহেতু আপনি, জনাব মোঃ আসাদুজ্জামান, ইনল্যান্ড মাস্টার অফিসার, কোড নং-১১২৩২ অত্র সংস্থার পিএস টার্ন জলযানে ভারপ্রাপ্ত মাস্টার অফিসার হিসেবে কর্মরত আছেন; এবং

০২। ইহা প্রতিবেদিত হয়েছে যে, গত ২৭/০৩/২০২৪ তারিখ আনুমানিক রাত ০৮:৩০ ঘটিকায় অজ্ঞাতনামা ১০-১২ জন দুষ্কৃতকারী নদীপথে পিএস টার্ন জলযানে প্রবেশ করে এবং দুষ্কৃতকারীরা জলযানের স্টাফদের ধারালো অস্ত্র দিয়ে জিম্মি করে তাদের নিকট হতে নগদ আনুমানিক ৮৩,০০০/- টাকা এবং ইঞ্জিনের ০৪(চার)টি ব্যাটারী ও বেশ কিছু কাবল নিয়ে যায়। উক্ত ঘটনার পর স্থানীয় নির্বাহী প্রকৌশলী ও সহ-ক্রম কর্মকর্তা জলযানটিতে সরেজমিনে পরিদর্শন করেন। পরিদর্শনে ঐ সময় জলযানে পদস্থিত সর্বমোট ১৭(সতের) জন কর্মকর্তা/কর্মচারীর মধ্যে ০৫(পাঁচ) জনকে উপস্থিত পান। অনুপস্থিত ১২ জনের মধ্যে আপনিও জলযানে উপস্থিত ছিলেন না। বর্ণিত কর্মকর্তাদ্বয় আরো জানান পিএস টার্ন জলযানের কর্মকর্তা ও কর্মচারীগণ অধিকাংশ সময় জলযানে অবস্থান করেন না, বাসা থেকে বেতনের সময় এসে বেতন নেন এবং বেশ কয়েকবার টেলিফোনে নৌযানে থাকার জন্য তাগিদ দিলেও যথাসময় উপস্থিত থাকেন না। জলযানটির দায়িত্বপ্রাপ্ত মাস্টার কর্মকর্তা হিসেবে কর্তৃপক্ষের বিনানুমতিতে জলযানে অনুপস্থিত থাকা চাকুরী নিয়ম শৃঙ্খলার পরিপন্থী ও শাস্তিযোগ্য অপরাধ। দায়িত্বপূর্ণ একজন মাস্টার কর্মকর্তা হিসেবে আপনার নিকট থেকে এ ধরণের আচরণ ও কার্যকলাপ কোন অবস্থাতেই কাম্য হতে পারে না।

০৩। এমতাবস্থায়, উপস্থিত কারণে কেন আপনার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না, এর কারণ লিখিতভাবে আগামী ০৭(সাত) কার্যদিবসের মধ্যে দাখিলের জন্য নির্দেশ প্রদান করা হলো।

০৪। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

স্বাঃ
(মোঃ ফজলে রাব্বি)
চীফ পার্সোনেল ম্যানেজার
ফোন: ০২-৯৬৩৪৯৬২
e-mail: cpmbiwtc@yahoo.com

জনাব মোঃ আসাদুজ্জামান
ইনল্যান্ড মাস্টার অফিসার
কোড নং-১১২৩২
ভারপ্রাপ্ত মাস্টার অফিসার
পিএস টার্ন

প্রযত্নে- নির্বাহী প্রকৌশলী, বিআইডব্লিউটিসি, ডক-২, নারায়নগঞ্জ।

বিতরণ: অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য।

১। পরিচালক (প্রশাসন/কারিগরি), বিআইডব্লিউটিসি, ঢাকা।

২। জিএম (একাউন্টস/মেরিন), বিআইডব্লিউটিসি, ঢাকা।

৩। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, বিআইডব্লিউটিসি, ঢাকা- ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

৪। ডিজিএম (মেরিন), বিআইডব্লিউটিসি, নারায়নগঞ্জ।

৫। ডিজিএম (ইঞ্জিঃ), এসআরএস ইউনিট প্রধান, বিআইডব্লিউটিসি, ডক-১, নারায়নগঞ্জ।

৬। নির্বাহী প্রকৌশলী, বিআইডব্লিউটিসি, ডক-২, নারায়নগঞ্জ।

৭। চেয়ারম্যানের একান্ত সচিব, বিআইডব্লিউটিসি, ঢাকা- চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।

৮। ব্যক্তিগত নথি।

৯। দপ্তর লিপি।

১০। বেতার বার্তা।

০২/০৪/২০২৪
চীফ পার্সোনেল ম্যানেজার